

উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি

ঃ ডলি চৌধুরাণী

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার স্থান

ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ

ঃ ১৩.০১.২০২২খ্রি.

সময়

ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গঠিত কমিটির সদস্যদের সাথে পরিচিতি পর্ব শেষ করে সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি ও উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিবকে অনুরোধ করেন। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি উপস্থিত সকল সদস্যদের আন্তরিক শুভেচ্ছা জানান এবং উপস্থিত সকল সদস্যদের সভার আলোচ্য সূচী অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন প্রকল্প প্রস্তাবে বিষয়ে স্ব-স্ব বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।


২। উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য চেয়ারম্যান, ৪নং তিনট্যহরী ইউনিয়ন পরিষদ, মানিকছড়ি সভায় জানান যে, মানিকছড়ি উপজেলার বেকারত্বদূর করার লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ হতে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন এবং সকল ইউনিয়ন বাসিনদের এ প্রশিক্ষণে অর্ন্তভুক্ত করার জন্য অনুরোধ করেন।

৩। উপজেলা মৎস্য কর্মকর্তা(প্রতিনিধি) জনাব মিলন কৃষ্ণ চাকমা সভায় বলেন, উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের স্থায়ী সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প” এর সক্ষমতা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করার লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মানিকছড়ি “উপজেলায় বিভিন্ন এলাকায় “ক্রীক বাঁধে (লোংগা) দেশী জাতীয় মাছ চাষের উন্নত পদ্ধতির বিষয়ক প্রশিক্ষণ” প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন।

৪। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি সভায় বলেন যে, উপজেলা মৎস্য কর্মকর্তা(প্রতিনিধি) জনাব মিলন কৃষ্ণ চাকমার প্রস্তাবটি উত্তম প্রস্তাব মর্মে সভায় উপস্থাপন করেন। উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ও উপজেলা মৎস্য বিভাগ হতে বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করা হয়। সভায় প্রশিক্ষণের জন্য প্রস্তাবিত ০১টি সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ প্রকল্প উপজেলা পরিষদ প্রকল্প বাছাই কমিটি ও উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য প্রকল্প প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প নিম্নরূপঃ-

“ক্রীক বাঁধে (লোংগা) দেশী জাতীয় মাছ চাষের উন্নত পদ্ধতির বিষয়ক প্রশিক্ষণ”

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



ডলি চৌধুরাণী

মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, মানিকছড়ি

ও

সভাপতি


উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারকনং-১৬/০২.৪৬৬৭.০০০.১৬.০৭০.২২.১০





তারিখ : ১৩.০১.২০২২খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা ভিত্তিতে নহে)

- ০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০২। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৩। জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৫। অফিস নথি।


ডা. সুচয়ন চৌধুরী
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর
মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি :

ক্র.নং	সদস্যগণের নাম ও পদবী	পদবী	স্বাক্ষর
১	মিসেস ডলি চৌধুরাণী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি	সভাপতি	
২	জনাব মিলন কৃষ্ণ চাকমা, উপজেলা মৎস্য কর্মকর্তা(প্রতিনিধি), মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য	
৩	জনাব মো. শফিকুর রহমান(ফারুক) চেয়ারম্যান, ১নং মানিকছড়ি ইউপি, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য	
৪	জনাব মো. আবুল কালাম আজাদ চেয়ারম্যান, ৪নং তিনটহরী ইউপি, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য	
৫	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য সচিব	